যে তার হুবহু মাল এমন লোকের কাছে পেল, যে নিঃশ্ব হয়ে গেছে, সেই তার বেশি হকদার অন্যের চাইতে।

আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “যে ব্যক্তি তার নিজস্ব
মাল এমন লোকের কাছে পেল, যে নিঃশ্ব হয়ে গেছে, অন্য কারোর চেয়ে সেই তার বেশি হকদার”। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যে ব্যক্তি কারো কাছে তার মাল বিক্রি করল বা আমানত রাখল বা ধার দিল প্রভৃতি, অতঃপর ক্রয়কারী প্রমুখ নিঃস্ব হয়ে গেল, যেমন তার কাছে মাল আছে কিন্তু ঋণ পরিশোধের জন্য যথেষ্ট নয়, তাহলে বিক্রেতার জন্যে বৈধ আছে তার বিক্রিত মাল ক্রেতা থেকে নিয়ে নিবে যদি তা হুবহু পায়। অন্যদের থেকে সেই ঐ মালের বেশি হকদার।

http://www.sunnah.global/hadeeth/bn/show/5838